

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন অনুবিভাগ
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৩৫.০৩১.১৫-৭৫

তারিখ: ১২ মাঘ ১৪২৩
২৫ জানুয়ারি ২০১৭

বিষয়: জেলা প্রশাসনের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উপদেষ্টা (Mentor) মনোনয়ন সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১২.৩৫.০৩১.১৫-৩৭৬ তারিখ: ২৪.৮.২০১৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জেলা প্রশাসকগণ নিজ নিজ এখতিয়ারাধীন এলাকায় প্রতিনিয়ত নির্ধারিত এবং অনির্ধারিত বিভিন্নমুখী কার্যক্রম সম্পাদন করে থাকেন। সরকারের উন্নয়ন-লক্ষ্য অর্জন এবং মাঠ পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় চলমান কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট জেলার জনগণের আশা-আকাঙ্ক্ষা এবং বিশেষ বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে সূত্রে উল্লিখিত নির্দেশিকা অনুসরণপূর্বক নবনিযুক্ত জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট জেলার জন্য তিনবছর মেয়াদি অগ্রাধিকার কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন। উক্ত কর্মপরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। উল্লেখ্য, সংযুক্ত তালিকায় বর্ণিত জেলার জেলা প্রশাসকগণ সেপ্টেম্বর ২০১৬-এর শেষভাগে কর্মস্থলে যোগদান করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে তাঁদের এই কর্মপরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে মূল্যায়ন করা হবে। উক্ত নির্দেশিকায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়া এবং উপদেষ্টাগণের জন্য অনুসরণীয় বিষয়াদির উল্লেখ রয়েছে। কাজের সুবিধার্থে উক্ত নির্দেশিকা এবং অগ্রাধিকার কর্মপরিকল্পনা চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল।


০২। জেলা প্রশাসকগণ কর্তৃক প্রণীত তিনবছর মেয়াদি অগ্রাধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিয়মিতভাবে পরামর্শ ও সহযোগিতা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে (কর্মরত/অবসরপ্রাপ্ত) তাঁর নামের পাশে বর্ণিত জেলার জন্য উপদেষ্টা মনোনীত করা হল:

ক্রম	জেলার নাম	উপদেষ্টা হিসাবে মনোনীত কর্মকর্তাগণের নাম
০১	কুমিল্লা	জনাব এন এম জিয়াউল আলম, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
০২	ময়মনসিংহ	জনাব সুবীর কিশোর চৌধুরী, অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৩	কুষ্টিয়া	শেখ আব্দুল আহাদ, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
০৪	রাঙ্গামাটি	জনাব সুদত্ত চাকমা, যুগ্মসচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
০৫	নারায়ণগঞ্জ	জনাব মোঃ রকিব হোসেন, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৬	গোপালগঞ্জ	শেখ ইউসুফ হারুন, মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০৭	ফরিদপুর	জনাব মোঃ হেলায়েত হোসেন, অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়।
০৮	সিরাজগঞ্জ	জনাব কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০৯	মুন্সীগঞ্জ	নাসিমা বেগম, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
১০	লালমনিরহাট	জনাব মোঃ ফারুক জলিল, অতিরিক্ত সচিব, সড়ক ও জনপথ বিভাগ।
১১	বাগেরহাট	ড. নমিতা হালদার, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ (অতিরিক্ত সচিব)

১২	মৌলভীবাজার	জনাব মোঃ মফিজুল ইসলাম, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।
১৩	ব্রাহ্মণবাড়িয়া	জনাব মোঃ মোশারফ হোসেন, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
১৪	ঠাকুরগাঁও	জনাব মুহাঃ শহিদুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
১৫	রাজবাড়ী	জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা, সচিব (অবঃ)।
১৬.	শরীয়তপুর	জনাব কামাল উদ্দিন তালুকদার, অতিরিক্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে ---- পৃষ্ঠা।


(মোঃ মাকছুদুর রহমাম পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৩৮৩৩
e-mail: addl_dfa@cabinet.gov.bd

জনাব/বেগম-----

ও

মেন্টর, -----জেলা।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ----- অগ্রাধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়মিতভাবে পরিবীক্ষণের অনুরোধসহ।

৪। জেলা প্রশাসক, ----- জেলা-অগ্রাধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপদেষ্টা (Mentor)-এঁর নিকট থেকে নিয়মিতভাবে পরামর্শ গ্রহণের অনুরোধসহ।